62

ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক বাংলা

তারিখ 02 JUL 1995
পৃষ্ঠা ১ কলাম ৩

সেমিনারে বাণিজ্যমন্ত্রী

# নিরক্ষরতা দূর করতে গণমাধ্যম কর্মীদের ভূমিকা গুরুত্বপূর্ণ

তথ্য ও বাণিজ্যমন্ত্রী এম শামসুল ইসলাম বলেছেন, নিরক্ষরতা দূরীকরণ কার্যক্রমকে সামাজিক আন্দোলনে পরিণত করার ব্যাপারে গণমাধ্যম কর্মিগণ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে।

তিনি বলেন, দু'হাজার সালের মধ্যে সবার জন্য শিক্ষা কর্মসূচীর সফল বাস্তবায়নে সরকারী ও বেসরকারী পর্যায়ে সমন্বিত উদ্যোগ অপরিহার্য।

মন্ত্রী শনিবার স্থানীয় এক হোটেলে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের সমন্বিত উপানুষ্ঠানিক শিক্ষা বিস্তার কার্যক্রম আয়োজিত "নিরক্ষরতা দূরীকরণে গণ-

(৪-এর পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## নিরক্ষরতা দূর

(প্রথম পৃষ্ঠার পর)

মাধ্যমের কার্যকর ব্যবহার" শীর্ষক সেমিনার ও মতবিনিময় অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। সাংবাদিক মুহাম্মদ জাহাঙ্গীর সেমিনারে মূল প্রবন্ধ পাঠ করেন। খবর তথ্য বিবরণীর।

তথ্যমন্ত্রী দেশব্যাপী নিরক্ষরতা দূরীকরণে বর্তমান সরকারের গৃহীত শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচী, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষাসহ অন্যান্য পদক্ষেপের কথা উল্লেখ করে বলেন, দেশের প্রতিটি শিশুর জন্য প্রাথমিক শিক্ষার সুযোগ নিশ্চিত করতে বর্তমান সরকার বদ্ধপরিকর।

তিনি বলেন, অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের পাশাপাশি মানবসম্পদ উন্নয়নে সবার জন্য শিক্ষার সুযোগ সৃষ্টির এই উদ্যোগ বাস্তবায়নে চাই সামাজিক অঙ্গীকার।

তথ্যমন্ত্রী নিরক্ষর জনগোষ্ঠীকে প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক শিক্ষায় আগ্রহী করে তুলতে রেডিও, টেলিভিশন ও সংবাদপত্রসহ বিভিন্ন গণমাধ্যমে বাস্তবমুখী কর্মসূচী গ্রহনের ওপর গুরুত্বারোপ করেন।

তিনি নিরক্ষতা দূরীকরণে অভিভাবক ও শিক্ষকসহ দলমত নির্বিশেষে সবাইকে আন্তরিক ভূমিকা গ্রহণের আহ্বান জানান।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের সচিব কাজী রকিব উদ্দিন আহমদ, সমন্বিত উপানুষ্ঠানিক শিক্ষা বিস্তার কার্যক্রমের নির্বাহী পরিচালক খন্দকার শহিদুল ইসলাম, বিশিষ্ট গণমাধ্যম কর্মিগণ মতবিনিময়ে অংশ নেন। মতবিনিময়কালে আলোচকগণ আকর্ষণীয়ভাবে শিক্ষা সম্প্রসারণ কর্মসূচীর বিভিন্ন দিক তুলে ধরার জন্য গণমাধ্যমসমূহের প্রতি অধিকতর ভূমিকা গ্রহণের আহ্বান জানান।